দৈনিক বাংলা

তারিখ 04 MAY 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

04

ভুয়া রেজিস্ট্রেশন

# যশোর বোর্ড ঃ ১২০০০ এইচএসসি পরীক্ষার্থীর আবেদনপত্র বাতিল

**যশোর ব্যুরো ঃ** বুধবার পর্যন্ত যশোর শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন কলেজের প্রায় ১২ হাজার এইচএসসি পরীক্ষার্থীর পরীক্ষার আবেদন বাতিল করা হয়েছে। বাতিলের প্রক্রিয়ায় রয়েছে আরও কয়েক হাজার। ভুয়া রেজিস্ট্রেশন এবং নিয়ম বহির্ভূতভাবে এক কলেজ থেকে অন্য কলেজের অধীন ছাত্র-ছাত্রী হিসাবে পরীক্ষার আবেদন করায় এদের আবেদনপত্র বাতিল করা হয়েছে।

দায়িত্বশীল সূত্র জানায়, ১শ ৩০টি কলেজ থেকে বুধবার পর্যন্ত ১২ হাজার পরীক্ষার্থীর আবেদন বাতিল হয়েছে। আরও ১০টি কলেজে ভুয়া পরীক্ষার্থী আছে বলে কর্তৃপক্ষের ধারণা। ওই কলেজগুলির পরীক্ষার্থীদের আবেদনপত্র দু এক দিনের মধ্যে যাচাই করা শেষ হবে। একটি সূত্র জানায়, নিয়ম বহির্ভূতভাবে শিক্ষা বোর্ডের দুর্নীতিপরায়ণ কর্মকর্তা-কর্মচারীরা ভুয়া রেজিস্ট্রেশনধারীদের পাঠানো ব্যাংক ড্রাফট গ্রহণ করেছেন। যার ফলে তারা বৈধ পরীক্ষার্থী হিসাবে স্বীকৃতি পেয়েছে। এছাড়াও এ বছর শিক্ষা বোর্ড ২৬টি কলেজের অনুমোদন দিয়েছে। এই অনুমোদনের ক্ষেত্রে যথাযথ আইন মানা হয়নি বলে অভিযোগ। উল্লেখ্য, শিক্ষা বোর্ডের অধীন ২শ ৪০টি কলেজ থেকে এবার ৯০ হাজার পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষার আবেদন করেছে।